গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অসিরের কার্যালয়
খোকসা, কুষ্টিয়া
www.khoksa.kushtia.gov.bd

স্মারক নং-০০.৪৪.৫০৬৩.০০০.০০.০০১.২০- ৭২৬ তারিখ : ১৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ।
০৪ নভেম্বর,২০২০ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের চাহিদার ভিত্তিতে নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ কার্যালয়ের ইউনিয়ন/ওয়ার্ড সমূহে মহল্লাদার পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদানের জন্য কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার সংশ্লিষ্ট ওয়ার্ডের/ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | পদ সংখ্যা | ওয়ার্ড নং |
|---|---|---|---|---|
| ১. | খোকসা ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ১ | ৯ |
| ২. | শিমুলিয়া ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ২ | ৩, ৫ |
| ৩. | গোপগ্রাম ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ১ | ৪ |

| নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | মহল্লাদার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-<br>(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক);৩২ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে-<br>ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ইঞ্চি(সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি |

আবেদনের শর্তাবলীঃ

১। আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া বরাবর দাখিল করতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণলয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ের ওয়েব সাইটে www.khoksa.kushtia.gov.bd এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে পাওয়া যাবে। অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আবেদন ফরমের ছায়ালিপি পাওয়া যাবে। কোন প্রকার ঘষামাজা,ওভাররাইটিং ও কাটাছেঁড়া ব্যতীরেকে আবেদন দাখিল করতে হবে।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশেরে নাগরিক এবং ছকে উল্লেখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূণ্য পদে লোক নিয়োগ করা হবে।

৪। প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৫। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি(যদি থাকে (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদনের সাথে লাগাতে হবে। (ছ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উর্ত্তীণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়ন স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ হয়েছেন এর প্রমাণ পত্রের বা মূল সনদের সত্যায়িত,ছায়ালিপি(জ) এতিম, আনসার ও ভিডিপি এবং মহিলা কোটার ক্ষেত্রে সংশ্লিস্ট যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। (ঞ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেটযুক্ত ১০ইঞ্চি x ৪.৫ইঞ্চি সাইজের একটি খাম যুক্ত করতে হবে। (ট) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে অথবা পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় প্রার্থীদের ছকে তথ্যাদি (আলাদা কাগজে) পূরণপূর্বক সনদের সত্যায়িত কপিসহ আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

(২য় পাতায়)

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যুসনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

| মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র প্রমাণক | |
|---|---|---|---|---|
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | |

৬। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর কমকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে। প্রার্থীর বয়স ২৫.১১.২০২০ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান হলে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। আগামী ২৫.১১.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকারীন সময়ে এ কার্যালয়ের রক্ষিত নির্ধারিত বক্সে আবেদনপত্র জমা/পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৮। অসম্পূণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৯। কম্পিউটার কম্পোজে প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল বিধি বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রার্থী কোন কোটার সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১২। কর্তৃপক্ষ শূন্যপদ হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন রকম কারণ ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/১১/২০২০

মেজবাহ উদ্দীন
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া।

স্মারক নং-০০.৪৪.৫০৬৩.০০০.০০.০০১.২০- ৭২৬ | তারিখ : ১৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ। ০৪ নভেম্বর,২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ -

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।
৫। সিভিল সার্জন, কুষ্টিয়া।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খোকসা, কুষ্টিয়া।
৭। অফিসার ইনচার্জ, খোকসা থানা, কুষ্টিয়া।
৮। সহকারী প্রোগ্রামার, খোকসা, কুষ্টিয়া। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খোকসা, কুষ্টিয়া।
৯। চেয়ারম্যান------------------------------- সকল ইউপি, খোকসা, কুষ্টিয়া। তাকে বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে টাঙ্গিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ইউনিয়নের তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস নথি।

০৪/১১/২০২০

মেজবাহ উদ্দীন
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া।